

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর  
প্রশিক্ষণ ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা  
ই-৭, আগারগাঁও, ঢাকা  
www.dip.gov.bd

ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের ২০২৩-২০২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ১ম সভার কার্যবিবরণীঃ

সভাপতি	এ.কে.এম মাজহারুল ইসলাম পরিচালক (পাসপোর্ট, ভিসা ও পরিদর্শন)
সভার তারিখ	২ আগস্ট ২০২৩
সভার সময়	বিকাল ৩.৩০ ঘটিকা
স্থান	সম্মেলন কক্ষ (কক্ষ নং ৬০০২)
উপস্থিতি	তালিকা সংযুক্ত

সভাপতি মহোদয় ইনোভেশন টিমের উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। ২০২৩-২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী আলোচ্য বিষয় সমূহ উত্থাপনের জন্য অনুরোধ করেন। অতঃপর সদস্য সচিব আলোচ্য বিষয় সমূহ উত্থাপন করেন। আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচনা ১ঃ**

ক) ২০২৩-২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার কর্মসম্পাদন সূচক ১.১.১ বাস্তবায়নের লক্ষ্যে ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের বিভিন্ন আঞ্চলিক পাসপোর্ট হতে প্রাপ্ত উদ্ভাবনী ধারণা নিয়ে আলোচনা হয়। তৎমধ্যে হতে বিভিন্ন বিভাগীয়/আঞ্চলিক পাসপোর্ট অফিসে অবিতরণকৃত মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) সরাসরি সেবাপ্রার্থীদের স্থায়ী ঠিকানায় প্রেরণ করার বিষয়টি আলোচনা করা হয়। বিভিন্ন বিভাগীয়/আঞ্চলিক পাসপোর্ট অফিসে বর্তমানে অধিক সংখ্যায় অবিতরণকৃত এমআরপি রয়েছে যা বিতরণের লক্ষ্যে সংশ্লিষ্ট অফিস হতে কল নোটিশ অথবা টেলিফোনিক যোগাযোগ করা হয়ে থাকে। কিন্তু অধিকাংশ ক্ষেত্রেই পাসপোর্ট নিতে সেবাপ্রার্থীগণ সঠিক সময়ে উপস্থিত থাকেন না। এমতাবস্থায় যেকোন দুইটি অফিসে পাইলটিং হিসেবে দীর্ঘসময় ধরে অবিতরণকৃত এমআরপি ডাক বিভাগের মাধ্যমে সেবাপ্রার্থীদের সরাসরি স্থায়ী ঠিকানায় পৌঁছানোর লক্ষ্যে পাসপোর্ট বিতরণ চালু করা যেতে পারে।

খ) ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর এর ভিসা ও ইমিগ্রেশন অধিশাখা হতে গড়ে প্রতিদিন ২৫০ (দুইশত পঞ্চাশ) জন বিদেশী নাগরিকের ভিসার মেয়াদ বৃদ্ধির আবেদন প্রক্রিয়া করা হয়। ম্যানুয়াল পদ্ধতিতে নথি মুভমেন্ট এর ফলে নথির গতিবিধি তাৎক্ষণিকভাবে সনাক্ত করা যায় না এবং আবেদনকারীকে যথাসময়ে ভিসার তথ্য প্রদান করা দূরহ হয়ে পড়ে। ফলে ভিসাপ্রার্থীগণকে অধিক সময় অপেক্ষা করতে হয়। ভিসাপ্রার্থীদের এই সমস্যা সমাধানে স্বচ্ছ, নির্ভুল ও দ্রুততার সাথে ভিসা সেবা প্রদানে Visa Application Tracking Management Software চালু করা যেতে পারে।

**আলোচনা ২ঃ**

ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের ইনোভেশন টিমকে পুনর্গঠন করা যেতে পারে।

**সিদ্ধান্ত ১ঃ**

ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের ২০২৩-২০২৪ অর্থবছরে উদ্ভাবনী ধারণা হিসেবে নিম্নোক্ত কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।


ক। “অবিতরণকৃত পাসপোর্ট সেবাপ্রার্থীর সরাসরি স্থায়ী ঠিকানায় প্রেরণ”

খ। “Visa Application Tracking Management Software” প্রস্তুতকরণ।

**সিদ্ধান্ত ২ঃ**

ইনোভেশন টিমের সদস্য হিসেবে উপপরিচালক(প্রশাসন), উপপরিচালক (সি আই, AFIS) এবং উপপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) কে অন্তর্ভুক্ত করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



১০-০৮-২০২৩

এ.কে.এম মাজহারুল ইসলাম  
পরিচালক (পাসপোর্ট, ভিসা ও পরিদর্শন)

০১৭৩৩৩৯৩৩০৩ (ফোন)

dpassport@passport.gov.bd

২৬ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ

তারিখ: ১০ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

নম্বর: ৫৮.০১.০০০০.১০৬.৫১.০০১.২৩.৪৭৪

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ অনুবিভাগ), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। [দৃঃআঃ উপসচিব, প্রশাসন-৩ শাখা, সুরক্ষা সেবা বিভাগ;
- ২। সকল কর্মকর্তা, প্রধান কার্যালয়, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর;
- ৩। ইনোভেশন টিম, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর;
- ৪। এসিস্ট্যান্ট সিস্টেম এনালিস্ট, ডাটা সেন্টার, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ) এবং
- ৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর।





১৪-০৮-২০২৩

সচিব কুমার আইন  
সহকারী পরিচালক

**সকল সংযুক্তিসমূহ:**

- (১) ২০২৩-২৪ অর্থবছরের ইনোভেশন টিমের ১ম সভার উপস্থিতির তালিকা